

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ সত্যবাদিতার গুরুত্

আরবী

عَنِ ابْنِ مَسْعُوْدٍ عَنِ النَّبِيِّ عَالَ إِنَّ الصِدِّقَ يَهْدِيْ إِلَى البِرِّ وَإِنَّ الْبِرَّ يَهْدِيْ إِلَى الْجَنَّةِ وَإِنَّ الْبِرَّ وَإِنَّ الْبِرَّ يَهْدِيْ إِلَى الْفُجُوْرِ وَإِنَّ الْكِذْبَ يَهْدِيْ إِلَى الْفُجُوْرِ وَإِنَّ اللهِ صِدِيقًا وَإِنَّ الْكِذْبَ يَهْدِيْ إِلَى الْفُجُوْرِ وَإِنَّ اللهِ صَدِيقًا وَإِنَّ الْكِذْبُ حَتَّى يُكْتَبَ عِنْدَ الله كَذَّابًا مُتَّفَقُ عَلَيهِ الْفُجُوْرَ يَهدِيْ إِلَى النَّارِ وَإِنَّ الرَّجُلَ لَيَكْذِبُ حَتَّى يُكْتَبَ عِنْدَ الله كَذَّابًا مُتَّفَقُ عَلَيهِ

বাংলা

আল্লাহ তাআলা বলেন,

يَا ۚ أَيُّهَا الَّذِيْنَ آمَنُوا اتَّقُوا اللهَ وَكُوْنُوا مَعَ الصَّادقِيْنَ

অর্থাৎ, হে বিশ্বাসিগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সঙ্গী হও। (সূরা তওবা ১১৯)

তিনি অন্যত্র বলেন,

وَالصَّادِقِيْنَ وَالصَّادِقَاتِ

অর্থাৎ, সত্যবাদী পুরুষ ও সত্যবাদিনী নারী — এদের জন্য আল্লাহ ক্ষমা ও মহাপ্রতিদান রেখেছেন। (সূরা আহ্যাব ৩৫)

তিনি আরো বলেন.

فَلَوْ صَدَقُوا اللهَ لَكَانَ خَيْرًا لَّهُمْ

অর্থাৎ, সুতরাং যদি তারা আল্লাহর সাথে সত্য বলত, তাহলে তাদের জন্য এটা মঙ্গলজনক হত। (সূরা মুহাম্মাদ ২১)

(৩৫৪৮) ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয় সত্য পুণ্যের পথ



দেখায় এবং পুণ্য জান্নাতের দিকে নিয়ে যায়। একজন মানুষ (অবিরত) সত্য বলতে থাকে। শেষ পর্যন্ত আল্লাহর কাছে তাকে খুব সত্যবাদী বলে লিখা হয়। পক্ষান্তরে মিথ্যা পাপের পথ দেখায় এবং পাপ জাহান্নামের দিকে নিয়ে যায়। একজন মানুষ (সর্বদা) মিথ্যা বলতে থাকে, শেষ অবধি আল্লাহর নিকটে তাকে মহা মিথ্যাবাদী বলে লিপিবদ্ধ করা হয়।

ফুটনোট

(বুখারী ৬০৯৪ , মুসলিম ৬৮০৩-৬৮০৫, আবু দাউদ, তিরমিযী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন